Affiliated with- Government of West Bengal, (Transport Dept.)
HAZRA
MOTOR DRIVING TRAINNING SCHOOL
Office Address Head office - 70, East Avenue, Bidhannagar, Midnapore.
Corporate Office - Church Road, Sekhpura, Midnapore. (Near Tripaul Traders.)
MOB - 8759119982

# বিপ্লবী সংবাদ দর্পণ

অগ্রণী নিরপেক্ষ সংবাদ পত্র




৩০তম বর্ষ - ৪১ তম সংখ্যা - www.biplabisambaddarpan.com, ১৩ ই ফেব্রুয়ারী ২০২৪ (২৯শে মাঘ, মঙ্গলবার ১৪৩০) Regd. No. : WBBEN/10557/25/1/99-TC/1998 - P. Regd. No. WBSSPMNPRNP-33 - ৩.০০ টাকা

## প্রেমিককে পাঠানো চিঠিতে মৃত্যুর কথা লিখে এক যুবক নিখোঁজ !





**পশ্চিম মেদিনীপুর সেখ ওয়ারেশ আলী ঃ** আমি তোমাকেই ভালোবাসি তোমাকে নিয়ে বাঁচার স্বপ্ন দেখেছিলাম। সেটা মনে হয় এ জীবনে আর সম্পূর্ণ হলো না। প্রেমিকার উদ্দেশ্যে ঠিক এরকমই একটি চিঠি লিখেই গত চারদিন আগে নিখোঁজ হয়ে গিয়েছিলেন মেদিনীপুর শহরের বছর ৩০ এর যুবক অভিজিৎ মজুমদার। বুধবার দুপুরের পর মেদিনীপুর শহরের বাস স্ট্যান্ড সংলগ্ন নির্মীয়মান একটি ফ্ল্যাটের পাশ থেকে অভিজিৎ মজুমদারের পচা গলা মৃতদেহ উদ্ধার হয়। মেদিনীপুর শহরের অশোকনগরের বাসিন্দা অভিজিৎ মজুমদারের মৃত্যুর খবর সামনে আসতেই এরকমই একটি সুইসাইট নোট সামনে এসেছে। গত ৪ঠা ফেব্রুয়ারি থেকে নিখোঁজ ছিলেন অভিজিৎ মজুমদার। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠিয়েছে। ঘটনায় অভিযুক্ত প্রেমিকাকে আটক করেছে কোতোয়ালী থানার পুলিশ।

## হঠাৎই ধস নামে দুর্গাপুরের অন্ডালের কাজোড়া সরষেডাঙা এলাকায়!



**নিজস্ব সংবাদদাতা ঃ** সন্দেশখালিতে জারি করা হল ১৪৪ ধারা। সন্দেশখালি ১ এবং ২ এলাকা জুড়ে মোট ১৬ টি পঞ্চায়েত জুড়ে এই ১৪৪ ধারা জারি করা হয়েছে বলে জানা যাচ্ছে। শাহাজান ঘনিষ্ঠ শিবু হাজরা, উত্তম সর্দারদের বিরুদ্ধে ফুঁসছেন সন্দেশখালির একটি বড় অংশের মানুষ। গতকাল এক চরম জনরোষ দেখা গিয়েছে। আবার পাল্টা শিবু হাজরার দলবলকেও এলাকার দখল নিতে ঝাঁপাতে দেখা গিয়েছে। শুক্রবারেরে সেই অগ্নিগর্ভপরিস্থিতির মধ্যেই এবার কড়া পদক্ষেপ প্রশাসনের। সন্দেশখালিতে জারি করা হল ১৪৪ ধারা। সন্দেশখালি ১ এবং ২ এলাকা জুড়ে মোট ১৬ টি পঞ্চায়েত জুড়ে এই ১৪৪ ধারা জারি করা হয়েছে বলে জানা যাচ্ছে। ইন্টারনেট পরিষেবাও বন্ধ করা হচ্ছে সন্দেশখালিতে।

## DA বাড়ায় রাজ্যের সর্বনিম্ন ও সর্বোচ্চ পদে কত বেতন বাড়ছে ?



**নিজস্ব সংবাদদাতা ঃ** ২১ ডিসেম্বর সরকারি কর্মীদের জন্য ৪ শতাংশ ডিএ ঘোষণা করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বলা যেতে পারে, দেড় মাসের মাথায় ফের বাজেটে ডিএর ঘোষণা করা হল। বর্ধিত ডিএ সহ মাইনে মিলবে আগামী মে মাস থেকে। মোট ১৪ শতাংশ ডিএ পাবেন রাজ্য সরকারি কর্মীরা ? একটা বড় অংশ এই সিদ্ধান্তে খুশি। এই ঘোষনার পর দেখা গিয়েছে রাজ্য সরকারের মোটের উপর সব ধরনের চাকুরিজীবীর ক্ষেত্রেই গড়ে ৮০০ টাকা বাড়তে চলেছে। যেমন, ধরা যাক একজন গ্রুপ ডি স্টাফ এখন বেসিক পান ১৭ হাজার টাকা। চাকরির বয়স অনুযায়ী কারও বেসিক বেড়ে এখন ১৭,৬০০ তো কারও ২২,২০০ কারও আবার ৩০,০০০ টাকা। বেসিকের উপর এই ডিএ যোগ করে গ্রুপ ডি কর্মীদের ন্যূনতম ৭০০ টাকা থেকে ১৫০০ টাকা বাড়তে চলেছে। এ মাসেও তাঁরা বর্ধিত ডিএ অনুযায়ী, অতিরিক্ত টাকা পেয়েছেন। আবার প্রায় ৭০০-৮০০-৯০০ টাকা করে এক একজনের বাড়তে চলেছে। সব মিলিয়ে বলা যেতে পারে, গ্রুপ ডি-দের মাইনে ২১,৩০০ টাকা, ফেব্রুয়ারি ৪ শতাংশ বর্ধিত ডিএ র পর হয়েছিল, ২১,৯৭২ টাকা, আরও ৪ শতাংশ বেড়ে হবে ২২,৬৭৬ টাকা।

## পশ্চিম মেদিনীপুরের অজ পাড়া গাঁয় লুকিয়ে রয়েছে খাজানা !

**নিজস্ব প্রতিনিধি ঃ-** পর্যটকদের এই চাহিদা মেটাতেই পশ্চিম মেদিনীপুরে তৈরি হয়েছে তিনটি ট্যুরিস্ট সার্কিট। সেখানে কি কী আকর্ষণ রয়েছে ? একাধিক ট্যুরিস্ট স্পট বা ভ্রমণমূলক স্থান নিয়ে গড়ে তোলা হয়েছে ট্যুরিস্ট সার্কিট। পশ্চিম মেদিনীপুর জেলাকে যাতে পর্যটকদের কাছে আরও আকর্ষণীয় ও অন্যতম ডেস্টিনেশন তৈরি করা যায়, সেই জন্যই এই উদ্যোগ। পর্যটনের দিক থেকে চিন্তা করে পশ্চিম মেদিনীপুরকে তিনটি সার্কিটে ভাগ করা হয়েছে নেচার সার্কিটস হেরিটেজ সার্কিট রিলিজিয়াস অ্যান্ড কালচারাল সার্কিট। মূলত গনগনি, ধাধিকা জঙ্গল, শিরোমনি গড়, গোপীগড় ইকো পার্ক, গুড়গুড়িপাল ইকো পার্কা, অরবিন্দ শিশু উদ্যান, ক্ষুদিরাম ইকো পার্ক, অনিকেত ড্যাম, ইজলি ইকো পার্ক, সুবর্ণরেখা নদী এবং প্রত্যুষা পার্ক নিয়ে তৈরি হয়েছে এই সার্কিট। যাঁরা প্রকৃতির সৌন্দর্য কাছ থেকে উপভোগ করতে চান, তাঁদের জন্য নেচার সার্কিট অন্যতম উল্লেখযোগ্য আকর্ষণ হতে চলেছে।

## ১৬ ফেব্রুয়ারি ভারত বনধের ডাক!

**নিজস্ব সংবাদদাতা ঃ** নির্বাচনের আগে শাসক শিবিরের উপর কৃষক চাপ তৈরি করতে চাইছেন। বিভিন্ন কৃষক সংগঠনের পক্ষ থেকে ১৬ ফেব্রুয়ারি বনধের ডাক দেওয়া হয়েছে। এই বনধের ডাক দিয়েছে সংযুক্ত কিষাণ মোর্চা সহ বিভিন্ন কৃষক সংগঠন। আন্দোলনকারীরা হুঁশিয়ারি দিয়েছেন কলকারখানাগুলিতে শ্রমিক-কর্মচারীরা কোনও কাজ করবেন না। কিষাণ মোর্চা ও শ্রমিক সংগঠনের সর্বভারতীয় প্রতিনিধিরা মোদী সরকার বিরোধী লিফলেট বাড়ি বাড়ি বিলি করছেন। আন্দোলনকারীরা জানিয়েছে, আগামী ১৬ ফেব্রুয়ারি গোটা দেশে গ্রামীণ বনধের সঙ্গে সঙ্গে 'ইন্ডাস্ট্রিয়াল স্ট্রাইক'-ও হবে। একাধিক দাবিতে বনধের ডাক দেওয়া হবে। কৃষকরা বনধ ডেকেছেন নূন্যতম সহায়ক মূল্য (এমএসপি), বেকারত্ব ও পেনশনের দাবিতে ও অগ্নিবীর প্রকল্পের বিরোধীতায়। অন্যান্য সংগঠনকেও বনধ সমর্থনে আহবান জানানো হয়েছে। কৃষক নেতারা আলোচনা করেছে ভিন্ন শ্রমিক সংগঠন , পরিবহণ সংগঠনের সঙ্গেও। পাশাপাশি সেদিন কাজ না করতে অনুরোধ করা হয়েছে বিভিন্ন ব্যবসায়ী, দোকানদার, পরিবহণ ব্যবসায়ী-শ্রমিকদের। সংযুক্ত কিষাণ মোর্চা নেতা রাকেশ টিকাইত জানিয়েছেন, 'আগে প্রতি অমাবস্যায় কৃষকরা কৃষিজমিতে যেতেন না। ১৬ ফেব্রুয়ারি আমরা অমাবস্যা পালন করব। আমাদের লড়াই ততদিন থামবে না যতদিন না নূন্যতম সহায়ক মূল্যকে আইনে পরিণত করা হচ্ছে।' প্রসঙ্গত, দিল্লির তিন সীমানায় এক বছরেরও বেশি সময় ধরে বসে কৃষকরা আন্দোলন চালিয়ে গিয়েছেন। আন্দোলনের মাধ্যমে তাঁরা তিন কৃষক আইন পাশ হওয়াকে রদ করেন। এই তিন আইন তাঁদের কাছে ছিল কালা কানুনের নামান্তর। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সেসময় ক্ষমা চাওয়ার পর তাঁরা আন্দোলন তুলে নিয়েছিলেন বটে তবে জানিয়েছিলেন তাঁদের আন্দোলন শেষ হয়নি। শুধুমাত্র স্থগিত করা হয়েছে আন্দোলন।

## জেলার চেয়ারম্যান পদ থেকে সরিয়ে ফেলা হল শংকর দলুইকে !



**নিজস্ব প্রতিনিধি ঃ-** ঘাটাল রাজনীতিরতে আমুল বদল। তৃণমূলের ঘাটাল সাংগঠনিক জেলার চেয়ারম্যানপদ থেকে শংকর দলুইকে সরিয়ে ফেলা হল। তাঁর জায়গায় দায়িত্ব দেওয়া হল রাধাকান্ত মাইতিকে। তার আগেই তিনটি সরকারি কমিটি থেকে ইস্তফা দিয়েছিলেন ঘাটালের সাংসদ দেব। এই আবহে শনিবার তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে তাঁর ক্যামাক স্ট্রিটের অফিসে বৈঠক হয় দেবের। প্রায় ৪৫ মিনিটের সেই বৈঠক ছিল। সেখান থেকে কালীঘাটে মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করতে যান দেব। এরপর থেকেই তাঁর রাজনৈতিক সন্ন্যাস নিয়ে জল্পনা বাড়ছিল। ক্ষমতাচ্যুত হওয়ার পর শংকর দলুই বলেন, "আমি রাধাকান্তবাবুকে অভিনন্দন জানাচ্ছি। নিশ্চয়ই দল ভালোর জন্য সিদ্ধান্ত নিয়েছে। আমার সঙ্গে দলের কোনও কথা হয়নি। যা ভালো ভেবেছে সেই সিদ্ধান্তই নেওয়া হয়েছে। দলের সিদ্ধান্তকে স্বাগত জানাচ্ছি।

## TED Talks : প্রথম বাঙালি লেখক হিসাবে আমন্ত্রিত হলেন দেবারতি মুখোপাধ্যায় !



**নিজস্ব প্রতিনিধি ঃ-** পৃথিবীর সবচেয়ে বড় বক্তৃতা দেওয়ার প্ল্যাটফর্মটির নাম TED । ১৯৪৮ সাল থেকে আমেরিকান কানাডিয়ান এই বিশ্ব কনফারেন্সে বক্তৃতা দিতে আমন্ত্রিত হন বিশ্বের মান্যগন্য সফল ব্যক্তিত্বরা। এই বিখ্যাত বিশ্ব সম্মেলনে শশী থারুর, শাহরুখ খান, মাইকেল ওবামা এবং ইলন মাস্কের মতো ব্যক্তিদের সহ সবচেয়ে সম্মানিত এবং সফল ব্যক্তিত্বদের বক্তৃতা করার জন্য আমন্ত্রণ জানানো হয়েছে। এইবার সেই TED Talks প্রথম বাঙালি সাহিত্যিক হিসেবে আমন্ত্রণ পেলেন দেবারতি মুখোপাধ্যায়। TED কর্তৃপক্ষের মতে, দেবারতি মুখোপাধ্যায় খুব অল্পবয়সেই একজন খ্যাতিমান লেখক, পেশাগতভাবে সফল নারী এবং একজন মা। সর্বোপরি বিশ্বের খুবই দুর্লভ এক কঠিন রোগে আক্রান্ত হয়েও যেভাবে তিনি মুলস্রোতে ফিরে এসেছেন, সমাজের কাছে তিনি অনুপ্রেরণা। আশা করা যায় যে, তাঁর বক্তব্য TED-এর বিশ্বব্যাপী চার কোটিরও বেশি দর্শককে অনুপ্রাণিত করবে।

## জিপিএসের মাধ্যমে টোল নেওয়া হবে টোলপ্লাজায় !

**নিজস্ব প্রতিনিধি ঃ-** জিপিএস নির্ভর টোল ব্যবস্থা আনতে চাইছে কেন্দ্রীয় সরকার। কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গড়কড়ী এ কথা জানিয়েছেন। বর্তমানে দেশের হাইওয়েতে টোলপ্লাজার যে ব্যবস্থা আছে, তার বদলে জিপিএস নির্ভর টোল আদায় পদ্ধতি আনার কথা জানিয়েছেন তিনি। এই বছরের মধ্যেই এই পরিবর্তন আনার পরিকল্পনা রয়েছে সরকারের। এপ্রিল থেকেই এ বিষয়ে কাজ শুরুর ইঙ্গিত দিয়েছেন মন্ত্রী।

## মাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য এবছর শুরু থেকেই একাধিক পদক্ষেপ করেছিল রাজ্য প্রশাসন!



**নিজস্ব সংবাদদাতা ঃ** বছরের নানা সময়ে হাতির তান্ডব নিয়ে ঘোরতর আতঙ্কে থাকেন বাঁকুড়ার বড়জোড়া, বেলিয়াতোড়-সহ জেলার বিভিন্ন গ্রামের বাসিন্দারা। হঠাৎ হাতির হানার ভয়ে বাড়ি থেকে বাইরে বেরিয়ে রাস্তায় যাতায়াত করার সময়েও বাড়তি সতর্ক থাকতে হয় এখানকার বাসিন্দাদের। জঙ্গল লাগোয়া গ্রামগুলিতে ভয় আরও বেশি। এবারও মাধ্যমিক ২০২৪ পরীক্ষার্থীদের নির্বিঘ্নে পরীক্ষাকেন্দ্র পৌঁছে দেওয়া হয়েছে, এলিফ্যান্ট জোনের রাস্তাগুলিতে বাড়তি পেট্রোলিং করছে বনদফতর। বনদফতরত সূত্রে খবর বড়জোড়া রেঞ্জে বড়জোড়া ৪টি, দক্ষিণ সরাগড়া ২০টি, উত্তর সরাগড়া ২টি, জি. ঘাঁটি বড়জুড়ি ২টি, রাধানগর বনবিভাগ : মোট ২টি। রেঞ্জ : গোয়ালতোড়, জঙ্গলখাস-৬৮৮, হাতি ১টি, রেঞ্জ : হুমগড়, হদহদি, হাতি ১টি। হাতি সংলগ্ন এলাকায় মাধ্যমিক পরীক্ষার্থীদের সাহায্যের জন্য রূপনারায়ন বনবিভাগের নজরদারি চলছে ও পরীক্ষার্থীদের যাতায়তের জন্য গাড়ির ব্যবস্থা করা হয়েছে।

## -EPFOএ বাড়ল সুদের হার!

**নিজস্ব সংবাদদাতা ঃ** এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ডে সুদের হার বাড়াল কেন্দ্রীয় সরকার। সূত্রের খবর, ২০২৩-২৪ অর্থবর্ষে ইপএফও -এ সুদের হার বাড়িয়ে ৮.২৫ শতাংশ করা হল। ফলে এবার থেকে পিএফ অ্যাকাউন্টে জমা পড়বে অতিরিক্ত টাকা। বর্তমানে পিএফে সুদের জার ছিল ৮.১৫ শতাংশ। ২০২২-২৩ অর্থবর্ষের জন্য এই সুদ ধার্য করা হয়েছিল। এবার পিএফে সুদের হার আরও বাড়ল। এদিন সেন্ট্রাল বোর্ড অব ট্রাস্টের তরফে ইপএফও-র ২০২৩-২৪ অর্থবর্ষের জন্য এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ডে সুদের হার ৮.২৫ শতাংশ বাড়ানো হল। সরকারের এই সিদ্ধান্তে উপকৃত হবেন ৬ কোটিরও বেশি অ্যাকাউন্ট গ্রাহক। প্রতি মাসের হিসাবেই পিএফের সুদের হারের হিসাব করা হলেও, বছরের একবারই পিএফ অ্যাকাউন্টে এই সুদের টাকা জমা পড়ে। গত বছর কেন্দ্রের তরফে মোট ৯০,৪৯৭.৫৭ কোটি পিএফ বাবদ বন্টন করা হয়। ইন্টারেস্ট ক্রেডিট বা সুদের হার বাবদ অতিরিক্ত ৬৬৩.৯১ কোটি টাকা দেওয়া হয়েছিল।

## দুর্গাপুর শহরে এবার চালু হল পাইপলাইনের মাধ্যমে গ্যাস পরিষেবা !

**নিজস্ব প্রতিনিধি ঃ-** দুর্গাপুরে বাড়ি বাড়িতে রান্নার গ্যাস সরবরাহ করার কাজ চলছে। গ্যাস সরবরাহের জন্য পানাগড়ে তৈরি হয়ে গিয়েছে সোর্স পয়েন্ট। সেখান থেকেই জেলার বিভিন্ন প্রান্তে গ্যাস সরবরাহ করা হচ্ছে। কিছুদিন আগেই সেল কো-অপারেটিভ এলাকার একটি বাড়িতে গ্যাস সরবরাহ করে এই প্রকল্পের উদ্বোধন হয়।

## ঘাটালে প্রার্থী হওয়া নিয়ে মুখ খুললেন দেব !



**নিজস্ব সংবাদদাতা ঃ** দেব ঘাটালের ১০ বছরের সাংসদ। এবার তিনি প্রতিদ্বন্দ্বিতা করতে খুব একটা ইচ্ছুক ছিলেন না। শনিবার অভিষেকের সঙ্গে বৈঠক করেন দেব। বৈঠক শেষে যান কালীঘাট। মমতার সঙ্গে দেখা করেন। তৃণমূল সূত্রের খবর, তারপরই ঘাটালে ফের দাঁড়াতে সম্মত হন দেব। দেব বলেন, "দিদি ও অভিষেক এমন একটা প্রস্তাব দিলেন। ঘাটালের মানুষের জন্য এমন প্রস্তাব দিলেন, যার জন্য আমি সারাজীবন অপেক্ষা করতে প্রস্তুত। এমন কিছু প্রমিস করা হল, ঘাটালের মানুষের ৭০ বছরের স্বপ্ন সত্যি হতে চলেছে। ঘাটাল মাস্টার প্ল্যান সত্যি হতে চলেছে। কেন্দ্রীয় সরকার যদি করে, খুব ভাল। বাকিটা দিদি ও অভিষেক বলবেন।"

## মেদিনীপুর শহরের মুসলিম এলাকায় অবস্থিত মাজারে হিন্দু-মুসলিম ধর্মের মধ্যে ভেদাভেদ নেই!



**সেখ ওয়ারেশ আলী ঃ** মেদিনীপুর শহরের কোতোয়ালি থানার অন্তর্গত বল্লভপুর মন্ডল মহল্লা মুসলিম এলাকায় অবস্থিত হজরত সুফি চাঁদসা বাবার মাজার। এই মাজারে দায়িত্ব পালন করে আসছেন দীর্ঘ ৪৪ বছর ধরে চমত কুমার সেতুয়া। তিনি জানান ১৯৮০ সালে চাঁদসা বাবার মৃত্যুর পর তার ঐ স্থানে সমাধি অথবা মাজার অবস্থিত হয়। তারপর থেকেই মাজারে দেখাশোনা করে আসছেন হিন্দুরা। গড়ে তোলেন তাঁরই এক হিন্দু ভক্ত চমত কুমার সেতুয়া। তিনি এই চাঁদসা বাবার সেবাতে নিজের জীবন নিয়োজিত করেছেন। মাজারে হিন্দু-মুসলিম বা অন্য কোন ধর্মের মধ্যে ভেদাভেদ নেই। তাই এই মাজারে মেলে তৃপ্তি মুগ্ধ চাঁদসা বাবার মহিমা। মানুষের মধ্যে বিশ্বাস এই মাজারে এসে যা চাইবেন বাবা কাউকে খালি হাতে ফেরত পাঠায় না এর জন্য দূর দূরান্ত থেকে ভক্তরা আসে প্রতি বৃহস্পতিবার।

মেরা ভারত মহান

বিপ্লবী
সংবাদ দর্পণ
৩০ তম বর্ষ

## সম্পাদকীয়

# লাগামহীন দূষণ !

পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের শব্দবাজির শব্দের সীমা ৯০ ডেসিবেল থেকে বাড়িয়ে ১২৫ ডেসিবেল করার সিদ্ধান্তকে সমর্থন জানিয়ে এই প্রসঙ্গে বেশ কিছু যুক্তিতর্কের অবতারণা করেছেন তাঁর 'কতটা সীমা পেরোলে তবে' (১৭-১) শীর্ষক প্রবন্ধেষ কিন্তু, সম্পূর্ণ প্রবন্ধে কোথাও খুঁজে পেলাম না, এর ফলে সমাজের কী সুবিধা হবে আর কেনই বা উনি শব্দবাজির শব্দসীমা বাড়ানোর পক্ষে সওয়াল করলেন। বরং অত্যন্ত সূক্ষ্ম ভাবে মসজিদে আজানের সঙ্গে মন্দিরে মাইক বাজানো কিংবা কালীপুজো ও দেওয়ালির রাতে শব্দবাজি ফাটানোর তুলনা টেনে হিন্দু-মুসলিম বিভাজনের তাস খেলতে চেয়েছেন। এ প্রসঙ্গে প্রবন্ধকার কারখানার হাতুড়ি পেটার শব্দ, ব্রিটেনে ও ফ্রান্সের বাজি ফাটানোর শব্দসীমার উল্লেখ করেছেন। কিন্তু সুকৌশলে ওই সব উন্নত দেশের অন্যান্য শব্দহীনতার কোনও উচ্চারণ করলেন না। উন্নত দেশে রাস্তা দিয়ে গাড়ি যায় নিঃশব্দে, কেউ হর্ন বাজানোর কোনও প্রয়োজনই অনুভব করে না। আমাদের দেশে বিকট শব্দে হর্নের আওয়াজ থেকে স্কুল, হাসপাতাল - কিছুই পরিত্রাণ পায় না। এমনিতেই আমাদের দেশে বাড়িতে, পাড়ায়, তথা সমগ্র সমাজজীবনে উচ্চ শব্দের আধিক্য লক্ষ করা যায়। প্রকৃতিগত ভাবেই আমরা উচ্চৈঃস্বরে কথা বলতে পছন্দ করি। তা ছাড়া, শব্দের কারখানার যে উদাহরণ তিনি দিয়েছেন, সেখানে যে শব্দ শ্রমিককে সহ্য করতে হয়, সেই শব্দ সমগ্র দেশের মানুষকে সহ্য করতে বাধ্য করা এক ধরনের অদ্ভুত দাবি। এ ছাড়াও, অসুস্থ, বৃদ্ধ, শিশু এবং গর্ভবতী মহিলাদের দিকে বিশেষ ভাবে নজর দেওয়া উচিত, কারন লাগামহীন শব্দবাজি এঁদের কাছে শুধুমাত্র বিপজ্জনক নয়, প্রাণঘাতীও হতে পারে।

এই প্রসঙ্গে আরও উল্লেখ্য যে, বর্তমানে আমাদের সমাজজীবনে যে কোনও শোভাযাত্রা, পিকনিক, বিয়ের অনুষ্ঠান ইত্যাদি ছুতোনাতায় যে রকম বল্গাহীন ভাবে ডিজে বক্স ও মাইক বাজানো হয়, তাতে সাধারণ মানুষের প্রাণ এমনিতেই ওষ্ঠাগত এবং এই ধরনের দায়িত্বজ্ঞানহীন আচরণ সচরাচর উন্নত দেশে দেখা যায় না। তা ছাড়া, তিনি দিল্লি আদালতের রায়ও উল্লেখ করলেন না। দিল্লিতে অস্বাভাবিক দূষণের পরিপ্রেক্ষিতে যেখানে গত দুবছর ধরে দেওয়ালিতে সমস্ত রকম বাজি ফাটানোই নিষিদ্ধ করে দেওয়া হয়েছে।

## অমৃতবাণী

মনের মতো কাজ পেলে অতি মূর্খও করতে পারে। যে সকল কাজকেই মনের মতো করে নিতে পারে, সেই বুদ্ধিমান। কোনো কাজই ছোট নয়।

– স্বামী বিবেকানন্দ

## টেন্ডার না করেই গাছ বিক্রি !

**নিজস্ব প্রতিনিধি ঃ-** টেন্ডার না করে সাড়ে তিনশো গাছ বিক্রির অভিযোগ উঠেছে পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে। পশ্চিম মেদিনীপুরের পিংলা থানার ধনেশ্বরপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় এই ঘটনায় স্থানীয়রা লিখিত অভিযোগ জানিয়েছেন বিডিও এবং জেলাশাসকের কাছে। অভিযোগ পেয়ে গাছ কাটা বন্ধ করে তদন্ত শুরু করেছে জেলা প্রশাসন।

## ৬০ ঘন্টা পরও গদি নিয়ে কাটল না ধোঁয়াশা !

**নিজস্ব প্রতিনিধি ঃ-** নির্বাচনের পর দুই বছর কেটে গিয়েছে। এখনও ফল প্রকাশ হয়নি পাকিস্তানে। দেশের শাসনভার কার হাতে থাকবে, তা নিয়ে অনিশ্চয়তার মেঘ কাটছে না। পাক নির্বাচনের পূর্ণাঙ্গ ফল প্রকাশ না হলেও, আপাতভাবে এগিয়ে রয়েছে প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খানের দল পিটিআই-সমর্থিত নির্দল প্রার্থীরাই। এদিকে জল্পনা শোনা যাচ্ছে নওয়াজ শরিফ ও বিলাওয়াল ভূট্টোর দল জোট বেঁধে সরকার গড়বে। এই দোলাচলের মধ্যেই এবার পথে নামথে ইমরান খানের সমর্থকরা। নির্বাচনের ফল প্রকাশে দেরির প্রতিবাদে আজ দেশজুড়ে বিক্ষোভ মিছিল বের করবে পিটিআই ও অন্যান্য দলের কর্মী সমর্থকরা।




## পরিবেশ সুরক্ষার উদ্দেশ্যে জন-সংযোগ কর্মসূচী !

**নিজস্ব সংবাদদাতা ঃ** পরিবেশ সুরক্ষার উদ্দেশ্যে জীবনশৈলীতে পরিবর্তন' এবং 'স্বচ্ছতাই সেবা' এ দুটি বিষয়ে ছাত্রছাত্রীদের সচেতন করতে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের অধীন কেন্দ্রীয় ভূমিজল বোর্ড, পূর্ব ক্ষেত্র, কোলকাতা এর তত্ত্বাবধানে সম্প্রতি একটি জনসংযোগ কর্মসূচী অনুষ্ঠিত হলো খড়গপুর ১ ব্লকের চড়কাবনী উচ্চ-বিদ্যালয়ে। কর্মসূচীটির উদ্বোধন করেন আয়োজক দপ্তরের ক্ষেত্রীয় নির্দেশক ড: অনাদি গায়েন। তিনি উপস্থিত ছাত্রছাত্রীদের প্রাকৃতিক সম্পদ বিশেষত ভৌমজল সংরক্ষণ ও পুনর্ভরন করার গুরুত্ব এবং পদ্ধতিগুলি সম্পর্কে অবহিত করেন। দপ্তরের অন্যতম বিশিষ্ট বৈজ্ঞানিক সুজিত সরকার পরিবেশ সুরক্ষার জন্য জীবনশৈলীতে কি কি পরিবর্তন আনা উচিৎ তা সম্পর্কে আলোচনা করেন। তৎসংলগ্ন অঞ্চলের বিভিন্ন স্কুল থেকে শতাধিক ছাত্রছাত্রী এই অনুষ্ঠানে আয়োজিত চিত্রাঙ্কণ ও ক্যুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। বিভাগের রসায়নবিদ অতলান্ত নারায়ণ চৌধুরীর দ্বারা সমগ্র অনুষ্ঠানটির সুচারুরূপে সঞ্চালনা বিশেষ প্রশংসার দাবী রাখে। পরিবেশ রক্ষায় জনসাধারনকে স্বচ্ছতার গুরুত্ব বোঝাতে স্কুল সংলগ্ন অঞ্চলে একটি পদযাত্রার ও আয়োজন করা হয়। এছাড়াও অনুষ্ঠানটিতে উপস্থিত ছিলেন বিশিষ্ট শিক্ষকমন্ডলী শৈবাল মহাপাত্র, সঞ্জয় বর্মন, শুভঙ্কর আচার্য, কালীপদ রাউল, উৎপল মন্ডল সহ অন্যান্যরা।

## বাংলা গানের জন্য হাজার মাইল পার করে এসেছেন মহিতোষ তালুকদার তাপস !



**নিজস্ব প্রতিনিধি ঃ-** পাবলিশার্স এন্ড বুক সেলেরস গিল্ড উদ্যোক্তরা জানিয়েছেন যে কলকাতা বইমেলার শেষ দিনে 'সুরবন্ধন' শুরু হয়েছিল। শনিবার বিকেলে আমেরিকার বোস্টন প্রবাসী মহিতোষ তালুকদারের নেতৃত্বে আশ্রমে 'সুরবন্ধন' নামে একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। আমেরিকা, কানাডা, অস্ট্রেলিয়া, সুইডেন, জার্মানি, বাংলাদেশসহ সাতটি দেশের শতাধিক শিল্পী এই অনুষ্ঠানে অংশ নেন। আশ্রমে বাংলা গান পরিবেশনের সময়, শ্রোতারা সক্রিয়ভাবে যোগ দেন। মহীতোষ বাবু, মূলত বাংলাদেশের ময়মনসিংহের, গত ৩২ বছর ধরে মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাস করছেন। তিনি বলেন, বিশ্বব্যাপী বাংলা ভাষা ও সঙ্গীতের প্রচার করাই এই উদ্যোগের উদ্দেশ্য। বাংলা সঙ্গীতের প্রথম শতাব্দী ২০০৩ সালে বোস্টনে শুরু হয়েছিল, এবং তারপর থেকে, গত বছর নববর্ষের প্রাক্কালে টাইমস স্কোয়ারের পাশাপাশি সুইডেন, লন্ডন এবং আমেরিকার বিভিন্ন প্রদেশে বৃহৎ আকারের বাংলা গানের অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। মহীতোষ প্রকাশ করেন যে তারা যখন বাংলা গান গায়, তখন বিদেশিরা শোনে, তাদের বোঝাপড়া নির্বিশেষে, যা বাঙালিরা খুব প্রশংসা করে। বাল্লাভাগ্রামের বাউল আশ্রমের আধিকারিক অমিতাভ ভট্টাচার্য চার মাস আগে মহীতোষ তালুকদারকে আমন্ত্রণ জানিয়েছিলেন।

## সোনার বাংলা

শিমুল পারভীন

রবী ঠাকুরের সোনার বাংলা
তোমায় ভালোবাসি।
চিরদিন আমার প্রাণে
এদেশ বাজায় বাঁশি।
নজরুলের বাংলাদেশ
নমোঃ নমোঃ নমোঃ
পৃথিবীর সেরা সে দেশ
চির মনোরম।
জীবনানন্দের, রূপসী বাংলা
ধানসিঁড়িটির তীরে
মনপাখিটা আসে যে তাই
বারে বারে ফিরে।
হিমালয় থেকে সুন্দরবন
হঠাৎ বাংলাদেশ
সুকান্তের ধানের দেশ,
অপরূপ রূপের বেশ।
জসিমউদ্দিনের শ্যামলবরণ
নকশিকাঁথার মাঠে
পদ্মা মেঘনা বয়ে চলে
সোনালি স্রোতের তটে।
অতুল প্রসাদের মোদের গরব মোদের আশা
শহীদের রক্তে কেনা প্রাণপ্রিয় বাংলা ভাষা।
বঙ্গবন্ধুর জয় বাংলার
মন্ত্র সম্মোহন,
বুকের ভেতর সব বাঙালির
অনন্য আসন।
সুনীলের বিষণ্ণ আলোর এই বাংলাদেশ,সাড়ে তিন হাত ভূমি
নদীর শিয়রে ঝুঁকে পড়া মেঘ দিগন্তের প্রান্তর যেন থাকে চুমি।
শামসুর রাহমানের
শ্রাবণে অকুল মেঘনার বুক
কৃষকের হাসি
যেন ফসলের সুখ।
সৈয়দ হকের বাংলা সে যে
আমার পরিচয়।
গর্ব ভরে বলি আমি
জন্মেছি বাংলায়,
আমি জন্মেছি বাংলায়।

## পূর্ব মেদিনীপুরের উপকূলে দুই প্রকল্প ঘিরে উঠছে নানা প্রশ্ন !

**নিজস্ব সংবাদদাতা ঃ** একদিকে তাজপুরে সমুদ্র বন্দর, অন্য দিকে জুনপুটে ক্ষেপনাস্ত্র উৎক্ষেপণ কেন্দ্র। পূর্ব মেদিনীপুরের উপকূলে দুই প্রকল্প ঘিরে উঠছে নানা প্রশ্ন। জুনপুটে যেখানে ক্ষেপনাস্ত্র উৎক্ষেপণ কেন্দ্র তৈরি হচ্ছে, সেখান থেকে ২০ কিলোমিটারের মধ্যেই তাজপুরের প্রস্তাবিত বন্দর এলাকা। ক্ষেপনাস্ত্র উৎক্ষেপণ শুরু হয়ে গেলে সেখানে বন্দর স্বাভাবিক ছন্দে চলতে পারবে কি না, বন্দরকে ঘিরে অর্থনৈতিক ক্ষেত্রই বা কী ভাবে তৈরি হবে, তা নিয়ে সংশয় ঘনিয়েছে। প্রশ্ন উঠে গিয়েছে উপকূলের জীববৈচিত্রের ভবিষ্যৎ নিয়েও। জুনপুটে যে এলাকায় ক্ষেপনাস্ত্র উৎক্ষেপণ কেন্দ্র গড়ে উঠছে, তার ধারেই বিশাল ম্যানগ্রোভ অরণ্য।

## এগরার খাস পুর-প্রধানের ওয়ার্ডে বেআইনি ভাবে গাছ কাটার অভিযোগ উঠল !

**নিজস্ব প্রতিনিধি ঃ-** এগরার খাস পুর-প্রধাংনের ওয়ার্ডে বেআইনি ভাবে গাছ কাটার অভিযোগ উঠল এক অর্থলগ্নি সংস্থার চেয়ারম্যানের বিরুদ্ধে। যদিও ওই সংস্থার চেয়ারম্যানের দাবি, তিনি নিজের জায়গায় গাছ কাটছেন এবং অর্থলগ্নি সংস্থার জমিটি অবস্থিত তাঁর জায়গার ঠিক পাশেই। যদিও স্থানীয়দের অভিযোগ, ওই বেআইনি অর্থলগ্নি সংস্থাটি আপাতত আদালতে বিচারাধীন। সেই সংস্থার জমির গাছই কাটছেন ওই ব্যক্তি। পাশাপাশি এ-ও অভিযোগ উঠেছে যে, বহুমূল্যের সেই গাছগুলি কাটার আগে বন দফতরের কাছে কোনও অনুমতি নেওয়া হয়নি।

## বিষ্ণুপুর থানার সোনারডাঙা এলাকায় রড-বাঁশ নিয়ে হামলা !

**নিজস্ব প্রতিনিধি ঃ-**বিষ্ণুপুর থানার সোনারডাঙা এলাকায় থাকা তিন বিঘে জমি নিয়ে। এই জমির জন্য মুক্তার মল্লিকের পরিবারের সঙ্গে দীর্ঘদিনের বিবাদ ছিল লাউবাগান গ্রামের বাসিন্দা মুজিবর মল্লিক ও আলাউদ্দিন মল্লিকের পরিবারের। জানা গিয়েছে, গত বেশ কয়েকবছর ধরে মুক্তার মল্লিক ওই তিন বিঘে জমিতে চাষাবাদ করে আসছেন।

## বন্যা মোকাবিলায় এআই-অ্যাপ অসমে !

**নিজস্ব প্রতিনিধি ঃ-** নিরাপত্তা বাহিনী এবং সরকারি আধিকারিকদের সঙ্গে মানুষের কানেক্টিভিটি বাড়ানো গেলে বন্যা পরিস্থিতিও সহজে সামাল দেওয়া যায়, এটাই অনুভব করেছিল অসমের কাছাড়ের জেলা প্রশাসন। আর তাই কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই ব্যবহার করে একটা অ্যাপই বানিয়ে ফেলেছে তারা। ঠিকমতো ব্যবহার করা গেলে এই অ্যাপ বন্যা মোকাবিলায় যুগান্তকারি সাফল্য আনবে বলে বিশ্বাস প্রশাসনের। 'র‍্যাপিড অক্যাশন ফর হিউম্যানিটারিয়ান অ্যাসিস্ট্যান্স ইন ট্রাজেডিস' (রাহাত) নামে এই অ্যাপে গুরুত্বপূর্ণ অনেক তথ্য শেয়ার করা যাবে। বারী বৃষ্টি বা বিপর্যয়ের পূর্বাভাস থেকে শুরু করে বন্যাবিধ্বস্ত এলাকায় উদ্ধারকাজের তথ্য, ত্রাণের সরবরাহ সংক্রান্ত তথ্যও শেয়ার করা যাবে ওই অ্যাপে।

## পালটি খাওয়ার পর ফের বিজেপির সঙ্গে হাত মিলিয়ে সরকার গঠন করেছেন নীতীশ কুমার !

**নিজস্ব সংবাদদাতা ঃ** পালটি খাওয়ার পর ফের বিজেপির সঙ্গে হাত মিলিয়ে সরকার গঠন করেছেন নীতীশ কুমার। সোমবার বিধানসভায় আস্থা ভোটের সম্মুখীন হতে চলেছেন তিনি। যদিও জেতার ব্যাপারে একশো শতাংশ আশাবাদী 'পালটিবাজ' নীতীশ। আস্থা ভোটের আগে নীতীশকে স্বস্তি দিয়েছে নিখোঁজ বিজেপি ও জেডিইউ বিধায়করা ফিরে আসায়।

## শাহরুখের থেকে ২৫ কোটি হাতাতেই আরিয়ানকে গ্রেফতার ?



**নিজস্ব প্রতিনিধি ঃ-** গ্রেফতার শাহরুখ খানের ছেলে আরিয়ান খান। ২০২১ সালের শেষভাগে চাঞ্চল্য ছড়িয়েছিল এই খবর। বলিউডের সুপারস্টারের ছেলের বিরুদ্ধে প্রমোদতরীতে মাদক সেবন ও মাদক রাখার অভিযোগ উঠেছিল। আরিয়ানকে গ্রেফতার করেছিলেন নারকোটিক্স কন্ট্রোল ব্যুরোর তৎকালীন রেজনাল ডিরেক্টর সমীর ওয়াংখেড়ে। পরবর্তীতে যদিও উপযুক্ত তথ্য প্রমাণের অভাবে মুক্তি দেওয়া হয় আরিয়ানকে। সেই সময়ই প্রশ্ন ওঠে সমীর ওয়াংখেড়েকে নিয়ে। অভিযোগ ওঠে, শাহরুখ খানের কাছ থেকে ২৫ কোটি টাকা ঘুষ চেয়েছিলেন সমীর। এবার প্রাক্তন এনসিবি কর্তার বিরুদ্ধে বেআইনি আর্থিক লেনদেনের মামলা দায়ের করল ইডি।



বিপ্লবী
সংবাদ দর্পণ

# লোকসভা ভোটের আগে জনমোহিনীর জোয়ারে ভাসল রাজ্য বাজেট!

**নিজস্ব সংবাদদাতা ঃ** লোকসভা ভোটের আগে জনমোহিনীর জোয়ারে ভাসল রাজ্য বাজেট। লক্ষ্মীর ভান্ডার, সিভিক ভলান্টিয়ার-গ্রিন পুলিশ-ভিলেজ পুলিশদের ভাতা বাড়ানোর ঘোষণা করা হল। সেই সঙ্গে আরও একাধিক জনমোহিনী প্রকল্পের ঘোষণা করলেন অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। রাজ্য বাজেটে কী কী ঘোষণা করল সরকার, সেটার হাইলাইটস দেখে নিন।

১) ১.৫ লাখের সিভিক ভলান্টিয়ার, সিভিক পুলিশ, গ্রিন পুলিশদের ভাতা বাড়ানো হচ্ছে। ভাতা ১,০০০ টাকা বাড়বে। রাজ্য পুলিশে যুক্ত হওয়ার কোটা ১০ শতাংশ থেকে বাড়িয়ে ২০ শতাংশ করা হচ্ছে। ১৮০ কোটি টাকা বরাদ্দ।

২) বিদ্যুতের জন্য পশ্চমবঙ্গে চারটি সুপার ক্রিটিকাল থার্মাল পাওয়ার ইউনিট তৈরি করা হচ্ছে। পিপিপি মডেলে বাস্তবায়ন করা হবে। ১০০ কোটি টাকা বরাদ্দ করা হচ্ছে।

৩) নিউ টাউন ও বিমানবন্দরে যোগাযোগ ব্যবস্'া উন্নত করতে মেট্রোপলিটন ও মহিষবাথানের মধ্যে চার লেনের সাত কিলোমিটার ফ্লাইওভার তৈরি করা হবে। তিন বছরের মধ্যে সেই প্রকল্প শেষ করা হবে। খরচ পড়বে ৭২৮ কোটি। প্রথম বছরের জন্য ১৫০ কোটি টাকা বরাদ্দ।

৪) ৫ লাখ চাকরির ব্যবস্থা করা হবে। রাজ্যের বিভিন্ন দফতরে প্রচুর নিয়োগ করা হবে। রাজ্য সরকারি অফিস ও রাজ্যের আওতাধীন অফিসে নিয়োগ করা হবে।

৫) দামোদরের উপর শিল্পসতু তৈরি করা হবে। ৬৪০ মিটারের সেতু। যে সেতুর ফলে প্রচুর মানুষ উপকৃত হবে। তিন বছরের মধ্যে সেতু তৈরি করা হবে। ২৪৬ কোটি আনুমানিক ব্যয়। চার লেনের সেতু তৈরি করা হবে।

৬) মুড়িগঙ্গা থেকে কচুবেড়িয়া পর্যন্ত ৩০১ কিলোমিটারের ব্রিজ তৈরি করা হবে। সেই ব্রিজের নাম হবে গঙ্গাসাগর সেতু।

৭) পরিযায়ী শ্রমিকদেরও স্বাস্থ্যসাথীর আওতায় আনা হল। অর্থাৎ পশ্চিমবঙ্গের যে শ্রমিকরা রাজ্যের বাইরে আছেন, তাঁরা সেখানকার হাসপাতালেও স্বাস্থ্যসাথীর কার্ড ব্যবহার করতে পারবেন।

৮) মিড ডে মিলের কুক-কাম-হেল্পারদের মাসিক আর্থিক সাহায্য বাড়ছে ৫০০ টাকা। তার ফলে দু-লাখ কুক-কাম-হেল্পাররা লাভবান হবেন। অতিরিক্ত ১৪০ কোটি টাকা বরাদ্দ করা হচ্ছে।

৯) তরুণের স্বপ্ন প্রকল্পের জন্য ১০,০০০ টাকা দেওয়া হয়। দ্বাদশ শ্রেণির পড়ুয়ারা ট্যাব কেনার জন্য পান। এবার একাদশ শ্রেণি থেকেই সেই টাকা দেওয়া হবে। সেজন্য অতিরিক্ত ৯০০ কোটি টাকা বরাদ্দ করা হচ্ছে।

১০) ভবিষ্যৎ ক্রেডিট কার্ডের সুবিধা আরও বাড়ানো হচ্ছে। কোনও কোলাটারাল ছাড়াই ১০০ শতাংশই ঋণ দেওয়া হবে। নামমাত্র চার শতাংশ সুদ দিতে হবে। বাকি সুদ বহন করবে রাজ্য সরকার।

১১) যুবক-যুবতীদের অ্যাপ্রেন্টিস প্রকল্প। বিভিন্ন শিল্পক্ষেত্রে প্রশিক্ষণের সুবিধা মিলবে। মাসে মাসিক ১,৫০০ টাকা ২,৫০০ টাকা দেওয়া হবে সেই ট্রেনিদের। প্রতি বছর ১ লাখ যুবক-যুবতী লাভবান হবেন। বরাদ্দ করা হচ্ছে ২০০ কোটি টাকা।

১২) মৎসজীবীদের জন্য সমুদ্রসাথী প্রকল্প চালু করা হল। দু-লাখ মৎসজীবী উপকৃত হবেন। ২০০ কোটি টাকা বরাদ্দ করা হচ্ছে। তিনটি জেলার (উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা ও পূর্ব মেদিনীপুর) মৎসজীবীদের দু-মাস সেই টাকা দেওয়া হবে।

১৩) এপ্রিল থেকে জেনারেল ক্যাটাগরির আওতায় মহিলারা মাসে ১,০০০ টাকা পাবেন। তফসিলি জাতি ও জনজাতিভুক্ত মহিলারা ১,২০০ টাকা পাবেন। মে মাস তেকেই সরাসরি ব্যাঙ্ক অ্যাকউন্টে টাকা ঢুকবে। সেজন্য বছরে বাড়তি ১২,০০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

১৪) ১০ লাখ প্রবীণ নাগরিক পেনশন পাবেন। বিধবা ভাতা পাবেন আরও ১.৪ লাখ বিধবা। আরও ১০ লাখ তরুণী পাবেন কন্যাশ্রীর সুযোগ-সুবিধা।

১৫) এবার ৫০ দিনের কাজ প্রকল্প চালু করল রাজ্য সরকার। সেই নয়া প্রকল্পের নাম হল 'কর্মশ্রী'।

১৬) পশ্চিমবঙ্গের রাজ্য সরকারি কর্মচারীদের চার শতাংশ মহার্ঘ ভাতা (ডিয়ারনেস অ্যালোওয়েন্স বা ডিএ) বাড়ানো হল। পশ্চিমবঙ্গের রাজ্য সরকারি কর্মচারীদের মহার্ঘ ভাতা বেড়ে দাঁড়াল চার শতাংশ।

# ১ টাকার ডাক্তার প্রয়াত হলেন !

**নিজস্ব সংবাদদাতা ঃ** কাঁথির প্রবীণ 'চিকিৎসক' মলয় সাহু। এক টাকার ডাক্তার প্রয়াত হলেন। তিনি একটি চিকিৎসা কেন্দ্র চালাতেন। কাঁথির চিকিৎসা জগতে নামটাই তাঁর যথেষ্ট। বিশেষত গরিব ও নিম্ন মধ্যবিত্তদের কাছেই তিনি ছিলেন ভগবান! একটা সময় তিনি চিকিৎসার জন্য এক টাকা ভিজিট নিতেন। এমনকি বহুগরিব মানুষকে তিনি বিনে পয়সায় চিকিৎসা পরিষেবা দিতেন। কাঁথিতে সকলের মনে ছিলেন এক টাকার ডাক্তার! পরবর্তীতে তিনি দু টাকা ও ৫ টাকা করে নিতেন। কাঁথি শহরে প্রখ্যাত চিকিৎসক অজিত সিংহের কাছেই প্রথমে সহায়ক হিসেবে কাজ শুরু করেন মলয়বাবু। সোমবার রাত সাড়ে ১১টা নাগাদ কাঁথি শহরের উদয়ন রোডের বাড়িতে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৪ বছর। দীর্ঘদীন ধরেই বার্ধক্যজনিত অসুস্থতায় ভুগছিলেন তিনি। বাড়িতেই তাঁর চিকিৎসা চলছিল। তাঁর দুই ছেলে ও দুই মেয়ে এবং স্ত্রী রয়েছেন। এদিন কাথিঁর খড়গচন্ডী মহাশ্মশানে মলয়বাবুর শেষকৃত্য সম্পন্ন হয়।

# বাংলার রাজনীতিতে চর্চায় উঠে এসেছেন ঘাটালের সাংসদ দীপক অধিকারী ওরফে দেব!

**পশ্চিম মেদিনীপুর নিজস্ব সংবাদদাতা ঃ** গত কয়েকদিন ধরে বাংলার রাজনীতিতে চর্চায় উঠে এসেছেন ঘাটালের সাংসদ দীপক অধিকারী ওরফে দেব। প্রথমে ভাইরাল অডিয়ো বিতর্কে নাম জড়ায় অভিনেতা-সাংসদের। তারপরই 'সংসদের শেষ দিন' বলে জল্পনা বাড়িয়েছেন তিনি। লোকসভা কক্ষের অন্দরে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেছেন 'আমি থাকি বা না থাকি...', আবার সোশ্যাল মিডিয়ায় সংসদ কক্ষের ছবি পোস্ট করে লিখেছেন, 'আজ আমার শেষ দিন'। সূত্রের খবর, কলকাতায় মুখোমুখি হতে চলেছেন দুই সাংসদ। সূত্রের খবর, শনিবার বিকেল ৪ টেয় দেবের সঙ্গে দেখা করতে চেয়েছেন অভিষেক। ক্যামাক স্ট্রিটে অভিষেকের অফিসে সেই বৈঠক হবে বলেই জানা গিয়েছে। বৃহস্পতিবার দেবের কিছু মন্তব্যে তৃণমূলের অস্বস্তি বেড়েছে বলে চর্চা চলছে রাজনৈতিক মহলে। প্রশ্ন উঠেছে, তবে কি লোকসভা নির্বাচনে আর লড়ছেন না দেব ? নাকি রাজনীতি থেকে একেবারেই দূরে সরে যাচ্ছেন অভিনেতা ?

# সরস্বতী পুজো ঃ জেনে নিন দেবীকে তুষ্ট করার প্রচলিত মন্ত্রগুলি



**নিজস্ব সংবাদদাতা ঃ** শিক্ষা, শিল্পকলা এবং সঙ্গীতের দেবী হলেন সরস্বতী। ঠিক বিধি অনুসারে পুজো করলে দেবীর কৃপা লাভ করা যায়। বাংলা মাঘ মাসের ৫মী তিথিতে এই পুজো অনুষ্ঠিত হয়। বাকদেবী, বিরাজ, সারদা, ব্রাহ্মী, শতরূপা, মহাশ্বেতা, পৃথুধর, বকেশ্বরী সহ আরো অনেক নামেই দেবী ভক্তের হৃদয়ে বিরাজমান।

সরস্বতী পুজার পুষ্পাঞ্জলি মন্ত্রঃ ওঁ জয় জয় দেবী চরাচর সারে, কুচযুগশোভিত মুক্তাহারে। বীনারঞ্জিত পুস্তক হস্তে, ভগবতী ভারতী দেবী নমহস্তুতে।। নমঃভদ্রকাল্যৈ নমো নিত্যং সরস্বতৈ নমো নমঃ। বেদ-বেদাঙ্গ-বেদান্ত-বিদ্যা-স্থানেভ্য এব চ।। এস স-চন্দন পুষ্পবিল্ব পত্রাঞ্জলি সরস্বতৈ নমঃ।

সরস্বতী দেবীর প্রনাম মন্ত্রঃ নমো সরস্বতী মহাভাগে বিদ্যে কমললোচনে। বিশ্বরূপে বিশালাক্ষ্মী বিদ্যাংদেহি নমোহস্তুতে।।

সরস্বতী দেবীর স্তব মন্ত্রঃ শ্বেতপদ্মসনা দেবী শ্বেত পুষ্পোপশোভিতা। শ্বেতাম্ভরধরা নিত্যা শ্বেতাগন্ধানুলেপনা।। শ্বেতাক্ষসূত্রহস্তা চ শ্বেতচন্দনচর্চিতা। শ্বেতবীণাধরা শুভ্রা শ্বেতালঙ্কারবভূষিতা। বন্দিতা সিদ্ধগন্ধর্বৈর্চ্চিতা দেবদানবৈঃ। পূঝিতা মুনিভিঃ সর্বৈর্ঋষিভিঃ স্তুয়তে সদা। স্তোত্রেণানেন তাং দেবীং জগদ্ধাত্রীং সরস্বতীম্। যে স্মরতি ত্রিসন্ধ্যায়ং সর্ব্বাং বিদ্যাং লভন্তি তে।।

# তৃণমূল কংগ্রেসে যোগ দিলেন বিশিষ্ট সাংবাদিক সাগরিকা ঘোষ !



**নিজস্ব প্রতিনিধি ঃ-** তৃণমূল কংগ্রেসে যোগ দিলেন বিশিষ্ট সাংবাদিক সাগরিকা ঘোষ। তাঁকে আসন্ন রাজ্যসভা নির্বাচনে বাংলা থেকে প্রার্থী করা হচ্ছে। এদিন এই নির্বাচনের জন্য চার প্রার্থীর নাম ঘোষণা করল তৃণমূল কংগ্রেস। রবিবার সোশ্যাল মিডিয়ায় তৃণমূলের পক্ষ থেকে জানানো হয়, সাগরিকা ঘোষ, সুস্মিতা দেব, মহম্মদ নাদিমুল হক এবং মমতা বালা ঠাকুরকে রাজ্যসভা নির্বাচনের জন্য প্রার্থী করা হচ্ছে। প্রসঙ্গত, ২ এপ্রিলই ছয় বছরের মেয়াদ ফুরোচ্ছে পশ্চিমবঙ্গের রাজ্যসভার ৫ সাংসদের। সব মিলিয়ে দেশের ১৫ টি রাজ্যের ৫৬ টি রাজ্যসভা আসন ফাঁকা হচ্ছে। এই শূন্যস্থানগিলু পূরণের জন্য ২৭ ফেব্রুয়ারী ভোট হবে।

# মৃত্যুদন্ডের মুখ থেকে ফিরলেন নৌসেনার প্রাক্তনীরা !

**নিজস্ব সংবাদদাতাঃ** গুপ্তচরবৃত্তির অভিযোগে কাতারে যে ভারতীয় নৌসেনার যে আটজন প্রাক্তন অফিসারকে মৃত্যুদন্ড দেওয়া হয়েছিল, তাঁদের সকলকে ছেড়ে দিয়েছে। সাতজন দেশে ফিরলেন। আর তারপরই প্রধানমন্ত্রী এবং টিম জয়শংকরের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করলেন। নেতৃত্বাধীন টিম জয়শংকর, তাতে অত্যন্ত প্রশংসার যোগ্য বলে মত সংশ্লিষ্ট মহলের। কারণ গত বছর ২৬ অক্টোবর কাতারে ভারতীয় নৌসেনার আটজন প্রাক্তন অফিসারকে মৃত্যুদন্ডের সাজা দেওয়া হয়েছিল। সেখান থেকে প্রথমে তাঁদের সাজা কমাতে সাহায্য করেছে টিম জয়শংকর। গত ২৮ ডিসেম্বর মৃত্যুদন্ড মকুব করে দেয় কাতার।

# ঘর

**মধুবন চক্রবর্তী**

প্রতিদিন ঝিলের ধার দিয়ে যখন হাঁটি,
দু'পাশের কিছু অট্টালিকা উঁকি দেয়,
ওদেরও কি কোনও ঘর নেই ?
আমার যেমন
পাতার মতো সবুজ, রোদের মতো হলুদ
জলের মত কোনও ঘর চাই
কিন্তু যত দূরেই যাইনা কেন,
ইট, কাঠ, পাথর, চুন, সিমেন্ট কিংবা
দামী শ্বেত পাথর মার্বেল,
টাইলসের চোখ ধাঁধানো বাড়ির
শিরা- উপশিরাগুলো
আজকাল অনুসরণ করে আমাকে।
হাইওয়ে থেকে লাল মাটির পথ
যেখানেই যাই, শুনতে পাই
কংক্রিটের গর্জন, হাহাকার।
সুন্দর দালান অথবা ঝোলানো বারান্দায়
ঝুলন্ত দোলনা, এমব্রডারি কাজ করা বাড়ির অন্দরমহল, লিওনার্দোর ছবি
কিংবা মকবুল ফিদা হুসেনের চোখ ধাঁধানো পেইন্টিং,
আরও চোখ ঝলসানো কোনও কারুকাজ।
সন্ধ্যা নামতেই সুরায় সুরায় গজলের বোল,
বসন্তের মাদল, বৈশাখী আমেজে
রাবীন্দ্রিক ঘুঙুরের আওয়াজ।
সবই তো আছে পরিপাটি
তবু, তবুও, বাড়িটার অন্দরমহলে
একটাও ঘর নেই,
ভেসে আসেনা সমুদ্রের ঢেউয়ের মতো
আলপনা দেওয়ার শব্দ,
'মারোয়া' হয়ে বাজে না কোনও মেঘলা সন্ধ্যা বেজে ওঠে ঘড়ির পেন্ডুলাম
সময় জানান দিচ্ছে সময়
ঘর খুঁজতে ওরা আলটপকা পথ ধরে
বালির স্তূপ পেরিয়ে
উড়ো প্রেমের পান্ডুলিপি ছিঁড়তে ছিঁড়তে
এখন আমার মতোই উদ্বাস্তু।
মস্ত মস্ত বাড়িগুলো আকাশ ছুঁয়েছে যেখানে
সেখান থেকে নেমে আসে মেঘ হয়ে
পিছু নেয় আমার
কোথায় পাবে ঘর, একটা ঘর।

# মেদিনীপুর শহরে অবস্থিত

## পীর পাহেলওয়ান বাবার মাজার ৮২ তম বর্ষ উৎসব পালন করা হল !



**সেখ ওয়ারেশ আলী ঃ** মেদিনীপুর শহরের টেঘ মোড়ে অবস্থিত হজরত পীর পাহেলওয়ান বাবার মাজার শরীফে শুক্রবার ৮২ তম বর্ষ উরুষ উৎসব পালন করা হল। প্রতি বছরের মত এবছরও শনিবার ও রবিবার দুদিন ব্যাপী পালন করা হচ্ছে পীর পাহেলওয়ান বাবার মাজারের উরুষ উৎসব। সকাল থেকে হাজার হাজার ধর্মপ্রাণ মুসলিম ও হিন্দু সম্প্রদায়ভুক্ত মানুষেরা মাজারে এসে ধুপ চাদর চাপিয়ে প্রার্থনা করে। একই সাথে সকাল থেকেই মাজারের সামনে কোরআন পাঠ ও তেলাওয়াত করা হয়। সন্ধ্যায় মাজার শরীফ প্রাঙ্গণে একটি জলসার আয়োজন করা হয়। যেখানে কলকাতার বিখ্যাত মাওলানা সাহেব উপস্থিত ছিলেন। রবিবার পীর পাহেলওয়ান মাজার শরিফের খাদেমের উদ্যোগে এলাকার জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে সকলের মধ্যে প্রায় ৩০০ জন কে শীতবস্ত্র প্রদান করা হয়। এই দিন উরুষ উৎসবে উপস্থিত ছিলেন মেদিনীপুর পৌরসভার পৌর প্রধান সৌমেন খান, মাওলানা আজহার আলী সাহেব, খাদেম সেখ মাহাতাব হোসেন, সেখ আলতাফ, সেখ আজগর হোসেন সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ।

# এক নাবালিকাকে ধর্ষনের অভিযোগ উঠল !



**পূর্ব মেদিনীপুর নিজস্ব সংবাদদাতা ঃ** সপ্তম শ্রেণরি পড়ুয়া এক ছাত্রীকে সাইকেলে চাপিয়ে তুলে নিয়ে গিয়ে ধর্ষনের অভিযোগ উঠল পরিচিত এক যুবকের বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে পূর্ব মেদিনীপুরের কাঁথি থানা এলাকায়। নাবালিকার বাড়ি এগরা থানা এলাকার মধ্যে। আর পাশের গ্রামের অভিযুক্তের বাড়ি কাঁথি থানার মধ্যে পড়ে। অভিযোগ উঠেছে, বৃহস্পতিবার ওই নাবালিকাকে ফুঁসলিয়ে সাইকেলে চাপিয়ে নিজের বাড়িতে নিয়ে আসে অভিযুক্ত যুবক। আর এরপরই শুরু হয় অকথ্য শারীরিক নির্যাতন। অভিযুক্তের খোঁজে ইতিমধ্যেই চিরুণি তল্লাশি শুরু করেছে পুলিশ।












বিপ্লবী
সংবাদ দর্পণ

## তোপ জাদেজার বাবার “শাশুড়ির কথায় ওঠে-বসে, বউমা আমার ছেলের মাথাটা খেয়েছে” !



**নিজস্ব সংবাদদাতা ঃ** ভারতীয় ক্রিকেট দলের তারকা অলরাউন্ডার ও বর্ণময় ক্রিকেটার রবীন্দ্র জাদেজার বাবা তাঁর পুত্রবধূ রিভাবা জাদেজার বিরুদ্ধে মারাত্মক অভিযোগ করেছেন। জাদেজার বাবার মত, তিনি জানেন না যে তাঁর পুত্রবধূ তাঁর ছেলের উপর কী জাদু করেছে। জাদেজা ও তাঁর বাবা আলাদা থাকেন। জাদেজার বাবা আরও বলেছেন যে, ছেলের বিয়ের ৩-৪ মাস পর থেকেই পারিবারিক বিবাদ শুরু হয়। তিনি আক্ষেপ করে এও বলেছেন যে তাঁর ছেলেকে ক্রিকেটার বানানো উচিত হয়নি। দিব্যা ভাস্করকে দেওয়া এক সাক্ষাৎকারে রবীন্দ্র জাদেজার বাবা অনিরুদ্ধ জাদেজা বলেছেন, “সত্যি বলতে কি, রবি বা তার স্ত্রী রিভাবা জাদেজার সঙ্গে আমার কোনও সম্পর্ক নেই। আমরা একে অপরকে ডাকি না। ১০ বছর ধরে আমি আমার নাতির মুখও দেখিনি। এর চেয়ে ছেলের বিয়ে না হলে ভাল হত। আজ আমাদের এই অবস্থা হতো না।” জাদেজার বাবা অত্যন্ত আক্ষেপ করে বলেছেন পুরনো দিনগুলির কথা মনে করে বলেন, কীভাবে তিনি প্রহরী হিসেনে কাজ করে তাঁর ছেলেকে ক্রিকেটার বানিয়েছেন।

## বাংলাদেশের মাঠে পড়ল বোতল !

**নিজস্ব সংবাদদাতা ঃ** বড়জোর ১২০ মিনিটের ম্যাচ ছিল। কিন্তু সেই ম্যাচই গড়াল পাঁচ ঘন্টায়। সৌজন্যে ম্যাচ কমিশনারের একটি ভুল। তাতেই ক্ষেপে উঠলেন দর্শকেরা। মাঠে পড়ল বোতল। অনূর্ধ্ব-১৯ মহিলা সাফ কাপের ফাইনালে এ রকমই দৃশ্য দেখা গেল। শেষ পর্যন্ত ভারত এবং বাংলাদেশ দুই দলকেই যুগ্ম বিজয়ী ঘোষণা করা হয়েছে। তবে তা হয়েছে অনেক নাটকের পর। গ্রুপ পর্বে বাংলাদেশের কাছে হেরেছিল ভারত। ফাইনালে তারা এগিয়ে যায়। ঠিক যে সময়ে মনে হচ্ছে ট্রফি তাদের, তখনই বাংলাদেশের হয়ে সমতা ফেরান সাগরিকা। প্রতিযোগিতার নিয়ম অনুযায়ী ম্যাচ গড়ায় টাইব্রেকারে। সেখানে দলই পেনাল্টি নষ্ট করেনি। প্রত্যেকেই গোল করেন। দু'দলের সব ফুটবলাররা শট মারার পরেও ম্যাচের মীমাংশা না হওয়ায় রেফারি টস করার সিদ্ধান্ত নেন।

টসে জেতে ভারত। তখনই গোটা দল উৎসব শুরু করে দেয়। কিছু ক্ষণ পরে 'ভুল' বুঝতে পারেন রেফারি এবং ম্যাচ কমিশনার। ভুল শুধরে নিতে রেফারি দু'দলের খেলোয়াড়দের ডেকে আবার টাইব্রেকার শুরু করার সিদ্ধান্ত নেন।

## এক মাস পর মাঠে ফিরেই ফাঁদে পা রোনাল্ডো !



**নিজস্ব প্রতিনিধি ঃ-** চোট সারিয়ে এক মাস পর মাঠে ফিরলেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। মাঠে নেমে তিনি বার মেজাজ হারালেন আল নাসেরের ফুটবলার। বিশেষ এক জনের নাম শুনে নিজেকে আর সংযত রাখতে পারেননি সিআর সেভেন। সিজন কাপের ফাইনালে আল নাসের মুখোমুখি হয়েছিল আল হিলারের। পায়ের চোট সারিয়ে এই ম্যাচে মাঠে ফেরেন রোনাল্ড। তাঁর চোটের জন্য চিন সফর বাতিল করেছিল আল নাসের। কয়েকদিন আগে প্রীতি ম্যাচে লিয়োনেল মেসির ইন্টার মায়ামির বিরুদ্ধেও খেলতে পারেননি।

## অলিম্পিক্সে পদক জিতলেই পাওয়া যাবে এক টুকরো আইফেল টাওয়ার !

**নিজস্ব সংবাদদাতা ঃ** অলিম্পিক্সে পদকটি দেখতে ছ'কোনা। সোনা, রুপো, ব্রোঞ্জ তিনটি পদকের মাঝখানেই থাকবে আইফেল টাওয়ারের টুকরো। ফলে পদক জিতলে ফ্রান্স এবং ইতিহাসের সাক্ষ্য নিয়ে যেতে পারবেন ক্রীড়াবিদেরা। আইফেল টাওয়ারের উচ্চতা ৩৩০ মিটার। সেটি ১৮,০৩৮ টি লোহার টুকরো দিয়ে তৈরি। কিন্তু রক্ষাণাবেক্ষণের কারণে এর আসল কাঠামোটি মাঝেমাঝেই বদলাতে হয়। কোনও অংশ বদলেও দিতে হয়। যে অংশটি খুলে নেওয়া হচ্ছে কাঠামো থেকে, সেটি সংরক্ষণ করা হয়। সংরক্ষিত সেই অংশ থেকেই টুকরো নিয়ে পদকের উপরে স্থাপন করা হয়েছে। প্রতিটি টুকরোর ওজন ১৮ গ্রাম।
















## সাপ্তাহিক রাশিফল

**মেষ ঃ-** স্বাস্থ্যের দিক থেকে, এই সময়কালে আপনি প্রাণায়াম করে আপনার অনেক সমস্যা কাটিয়ে উঠতে পারেন। এমন পরিস্থিতিতে, এই সপ্তাহে অনেক কাজে আপনার শক্তি ব্যবহার না করে, শুধুমাত্র সেই কাজগুলিতে মনোযোগ দিন যা প্রয়োজনীয়। এই সপ্তাহে চন্দ্র রাশির সাথে সম্পর্কিত দ্বাদশ ভাবে অশুভ রাহুর উপস্থিতির কারনে, আপনার আর্থিক ক্ষতির সম্ভাবনা রয়েছে, তাই সমস্ত ধরনের লেনদেন সম্পর্কিত বিষয়ে নিজেকে যতটা সম্ভব সতর্ক রাখুন। উপায় ঃ প্রতিদিন ২১ বার ওং ভোমায় নমঃ জপ করুন।

**বৃষভ ঃ-** চন্দ্র রাশি থেকে একাদশ ভাবে রাহুর উপস্থিতির কারণে স্বাস্থ্যের দিক থেকে সময়টি বিশেষ ভালো যাবে এবং আপনার সুস্বাস্থ্যের জোরে আপনি আপনার পরিবারের সদস্যদের খুব যত্ন নেবেন। যার কারনে পরিবারে আপনার সম্মান বৃদ্ধির সম্ভাবনাও রয়েছে। সামগ্রিকভাবে, চন্দ্র রাশি থেকে পঞ্চম ভাবে কেতুর উপস্থিতির কারনে স্বাস্থ্যের দিক থেকে এই সপ্তাহটি আপনার পক্ষে ভাল হবে। এই সপ্তাহে আপনি অবশ্যই ভাল আর্থিক লাভ পাবেন। উপায় ঃ প্রতিদিন ললিতা সহস্রনাম জপ করুন।

**মিথুন ঃ-** এই সপ্তাহে অন্যরা আপনাকে কীভাবে দেখে তা বিচার করে, আপনার মনে হতে পারে যে আপনি নতুন জিনিস শেখার জন্য খুব বেশি বয়সী। এই চিন্তা করে নিজেকে নষ্ট করার পরিবর্তে, নিজের ক্ষমতার উপর আস্থা রাখুন এবং ভুলে যাবেন না যে আপনার সৃজনশীগ এবং সক্রিয় চিন্তাভাবনার কারনে আপনি সহজেই যে কোনও কিছু শিখতে পারবেন। উপায় ঃ প্রতিদিন ৪১ বার ওং বুধায় নমঃ জপ করুন।

**কর্কট ঃ-** চন্দ্র রাশি থেকে অষ্টম ভাবে শনি অবস্থান করার কারনে, আপনার স্বাস্থ্য কিছুটা ক্ষতিগ্রস্থ হবে, এই কারনে খুব বেশি ভ্রমণ আপনার প্রকৃতিতে কিছুটা বিরক্তি তৈরি করতে পারে। এমন পরিস্থিতিতে আপনার স্বাস্থ্যের প্রতি সর্বোচ্চ গুরুত্ব দিন এবং ভ্রমণ এড়িয়ে চলুন। এই সপ্তাহে চন্দ্র রাশির সাথে বৃহস্পতি দশম ঘরে অবস্থান করার কারণে, ব্যবসায়ীদের কাজের জন্য অন্য রাজ্যে যেতে হতে পারে। উপায় ঃ প্রতিদিন ১১ বার ওং চন্দ্রায় নমঃ জপ করুন।

**সিংহ ঃ-** আপনার শারীরিক এবং মানসিক সুবিধা পেতে ধ্যান এবং যোগ, ব্যায়ামের সাহায্য নেওয়া উচিত। এ জন্য প্রয়োজনে বিশেষজ্ঞের সাহায্যও নিতে পারেন। কারন এই সময়টা আপনার স্বাস্থ্যের জন্য ভালো হবে, কিন্তু ঘুমিয়ে এই সময় নষ্ট না করে, এর সর্বোচ্চ সদ্ব্যব্যহার করুন। সপ্তাহটি আপনার জন্য খুব একটা লাভজনক নয় কারণ শনি চন্দ্র রাশি থেকে সপ্তম ঘরে অবস্থান করছে, তাই আপনার পকেটের দিকে নজর রাখুন এবং অতিরিক্ত খরচ করা এড়িয়ে চলুন। উপায় ঃ রবিবারের দিন বৃদ্ধ ব্যক্তিদের ভোজন করান আর তার আশীর্বাদ নিন।

**কন্যা ঃ-** চন্দ্র রাশি থেকে প্রথম ভাবে কেতুর উপস্থিতির কারনে, যারা জিমে যান তাদের এই সপ্তাপে অতিরিক্ত ওজন তোলা থেকে বিরত থাকতে হবে, অন্যথায় আপনার পেশীতে টান পড়তে পারে। এছাড়াও, সময়টি আপনার স্বাস্থ্যের জন্য বিশেষভাবে ভাল বলে মনে হচ্ছে। এই সপ্তাহে চন্দ্র রাশি থেকে সপ্তম ভাবে রাহুর অবস্থানের কারনে গ্রহ-নক্ষত্রের গতিবিধি দেখা যাচ্ছে যে, অন্যের কথা শুনে কোনো বিনিয়োগ করলে আর্থিক ক্ষতি প্রায় নিশ্চিত। উপায় ঃ প্রতিদিন প্রাচীন পাঠ বিষ্ণু সহস্রনামের জপ করুন।

**তুলা ঃ-** চন্দ্র রাশি থেকে পঞ্চম ভাবে শনি অবস্থান করার কারনে, এই সপ্তাপে আপনার স্বাস্থ্য, কর্মক্ষেত্র এবং সামাজিক জীবনে অনেক ইতিবাচক পরিবর্তন ঘটছে যা আপনাকে অন্যদের সাথে খোলামেলা যোগাযোগ করতে সহায়তা করবে। চন্দ্র রাশির সাপেক্ষে সপ্তম ঘরে বৃহস্পতি অবস্থান করার কারনে আপনার সাহস এবং আত্মবিশ্বাস বৃদ্ধি পাবে এবং আপনি নিজেকে প্রতিটি সিদ্ধান্ত নিতে সম্পূর্ণ সক্ষম দেখতে পাবেন। উপায় ঃ প্রতিদিন ২৪ বার ওং ভার্গবায় নমঃ জপ করুন।

**বৃশ্চিক ঃ-** চন্দ্র রাশি থেকে চতুর্থ ভাবে শনি অবস্থান করার কারণে এই সপ্তাহে ঘরোয়া সমস্যা আপনার জন্য চাপ সৃষ্টি করতে পারে। যার কারণে আপনি আপনার স্বাস্থ্যের প্রতি উদাসীন হতে পারেন। কিন্তু এই সময়ে নিজের চিকিৎসা করা এড়িয়ে চলুন, কারণ ওষুধের উপর আপনার নির্ভরতা বাড়তে পারে। আপনি এটাও ভালো করেই বুঝতে পারছেন যে, এই সময়ে যদি আপনি আর্থিক লাভবান হন, তাহলে আগামীকালও যে এমন পরিস্থিতি চলবে তা নয়। উপায় ঃ শনিবারের দিন শনি গ্রহের জন্য যজ্ঞ করুন।

**ধনু ঃ-** কর্মক্ষেত্রে কাজের চাপ বৃদ্ধির ফলে আপনি এই সপ্তাহে মানসিক অশান্তি ও সমস্যা অনুভব করবেন। যার কারনে আপনার স্বাভাবেও বিরক্তি দেখা দেবে। এই সপ্তাহে, চন্দ্র রাশি থেকে পঞ্চম ভাবে বৃহস্পতি অবস্থান করার কারনে, আপনি কোনও বিনিয়োগ থেকে যতটা ভেবেছিলেন ততটা লাভ পাবেন না। কিন্তু এই লাভ আপনাকে অনেকাংশে সন্তুষ্টি দেবে এবং এর সাহায্যে আপনি আপনার ব্যবসায় বিনিয়োগ করার সিদ্ধান্ত নিতে পারবেন। উপায় ঃ গুরুবারের দিন অসুস্থ ব্যক্তিদের ভোজন করান।

**মকর ঃ-** আপনি শারীরিক ও মানসিকভাবে ভালো বোধ করবেন। তা সত্ত্বেও, এর সাথে যে মানসিক চাপটি আসে তা আপনাকে পরাভূত হতে দেবেন না। কারন এমনটা করলে যে কোনো শারীরিক সমস্যার জন্ম দিতে পারে। মনে রাখবেন, আপনি একজন সুশৃঙ্খল ব্যক্তি। তাই স্বাস্থ্যের ব্যাপারে শৃঙ্খলা মেনে চলুন এবং সুস্থ থাকুন। এই সপ্তাহে, শনি চন্দ্র রাশি থেকে দ্বিতীয় ভাবে অবস্থান করার কারণে। উপায় ঃ প্রতিদিন ৪৪ বার ওং মন্দায় নমঃ জপ করুন।

**কুম্ভ ঃ-** চন্দ্র রাশি থেকে তৃতীয় ভাবে বৃহস্পতি অবস্থান করার কারণে, আপনার স্বাস্থ্য গত সপ্তাহের তুলনায় এই সপ্তাহে ভাল থাকবেন এবং আপনার স্বাস্থ্য গত সপ্তাহের তুলনায় এই সপ্তাহে ভাল থাকবে এবং আপনার স্বাস্থ্য মজবুত হওয়ার কারনে আপনিও অনেক ভাল বোধ করবেন। এই কারনেই এই বছরে আপনার দীর্ঘস্থায়ী রোগ থেকে মুক্তি পাওয়ার সম্ভাবনা রয়েছে। এই সময়ের মধ্যে আপনার জীবনও শক্তিতে ভরপুর হবে। উপায় ঃ শনিবারের দিন বিকলাঙ্গ ব্যাক্তিদের দই ভাত দান করুন।

**মীন ঃ-** চন্দ্র রাশির সাথে সম্পর্কিত শনি দ্বাদশ ভাবে উপস্থিত থাকায়, কাজ এবং বিশ্রামের মধ্যে সঠিক ভারসাম্য স্থাপন করা আপনার পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ হবে। এমন পরিস্থিতিতে আপনি যদি দীর্ঘদিন ধরে কোনো রোগে ভুগছেন, তাহলে এই সময়ে আপনি তা থেকে পুরোপুরি মুক্তি পেতে সফল হবেন। কারন গ্রহের অনুকূল দিক আপনাকে অনেক রোগ থেকে মুক্তি দিতে সাহায্য করবে এবং সেই সময়ে আপনি সুস্বাস্থ্য উপভোগ করবেন। উপায় ঃ প্রতিদিন ২১ বার ওং শ্রেনশ্রেয় নমঃ জপ করুন।

উপদেষ্টা : **মহঃ আলি, রতন তনু ঘাটি, কাযকরী সম্পাদিকা অনিতা রায়ের প্রয়াণে বর্তমানের দায়িত্ব প্রাপ্তকার্য করী সম্পাদক, প্রকাশক ও মুদ্রক বিবেকানন্দ রায় প্রধান সম্পাদক : "মঙ্গলা প্রসাদ রায়, সহযোগী সম্পাদক : নারায়ণ ভট্টাচার্য্য, ডঃ মনোরঞ্জন ভৌমিক, সুনীল মাজি । যুগ্ম বার্তা সম্পাদক ঃ সৃষ্টিধর দে, সজল মুখার্জ্জী,** আরণ্যক বসু ও **ডঃ তরুন কুমার মুখোপাধ্যায়** সহকারী বার্তা সম্পাদক ঃ **চন্দন কুমার বসু, বিধানচন্দ্র বিশ্বাস ও স্বরূপ ভট্টাচার্য্য,** কর্তৃক বিপ্লবী সংবাদ দর্পণ প্রকাশনা প্রাঃ লিমিটেড, বিধাননগর, মেদিনীপুর হইতে প্রকাশিত ও মুদ্রিত। ফোন : (০৩২২২) ২৭৫৪০০/১৬৩১৭৮/২৭৩৩১৯, ফ্যাক্স : (০৩২২২) ২৬৮৪৮৬, কলকাতা : (০৩৩) ২৫৩১৫৩৬৭ সারকুলেশন ম্যানেজার ঃ সুনীল চাবড়ী, e-mail : roymongalaprasad@gmail.com/mp.roy.reporter@gmail.com, খড়্গপুর অফিস : (০৩২২২) ২২৩৬২৬, হলদিয়া অফিস : (০৩২২৪) ২৮৬৫২৭, কলকাতা অফিস ঃ ১০১/এ/১, বি. টি. রোড, বনহুগলি, শ্রী টাওয়ার্স বিল্ডিং, ৩য় তল, কলকাতা ৭০০০৯০, ব্যাঙ্গালোর অফিস ঃ ১১এ, বৃন্দাবন লে-আউট, ২য় ল্যান্ডমার্ক, ব্লক ১ বি, ফ্ল্যাট নং ২০৪, হরমাভু, ব্যাঙ্গালোর - ৫৬০০৪৩। মোবাইল ০৯৯৮৫৩৮৮২৬৬, ৮১২৩৮২৯৬৯৮, বীরভূম অফিস ঃ ৯৪৩৪০-৪৮১৫২, ৯৪৭৪৩-০৭০২০,
বাংলাদেশ অফিস ঃ দেবাশীষ মাহাত, হাউস নং ২, রোড নং ৩, গ্রাম ঃ তাহিহাট, পোঃ মোহিঞ্জ, জেলা ঃ রংপুর (বাংলাদেশ), মোবাইল ০০৮৮০১৭১৬৬৩৮৩২৮/০০৪৪০১৭৩০৩২৪০৭২, বিষ্ণুপুর অফিস: ৬২৯৪৬০১১৪৯, ৮৯০০৬০২০৫৫।
মেদিনীপুর অফিস : ৭৫৮৬৮৫৮৫৭৩/৯৪৩৪৪-৩১৯১২/৭৬৯৯০-৮২৩৮৬/৭৮৩১৯-৫৭১৪৩, ৭৫৮৬৮-৫৮৫৭৩, বিষ্ণুপুর অফিস : ৬২৯৪৬০১১৪৯, ৮৯০০৬০২০৫৫